

## COVID-19 ভ্যাকসিনসমূহ - নিয়োগকর্তা এবং ছোট ব্যবসায়ের জন্য কর্মক্ষেত্রে স্বাস্থ্য এবং সুরক্ষা সম্পর্কিত তথ্য

### ভ্যাকসিনের এবং WHS দায়িত্ব

কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও সুরক্ষা আইনের মডেলটির অধীনে আপনাকে অবশ্যই নিজের কর্মী, নিজের এবং কর্মক্ষেত্রে অন্য যে কোনও ব্যক্তির নিরাপত্তা নিশ্চিত করতে হবে যতটা যুক্তিসঙ্গতভাবে অনুশীলনযোগ্য। কর্মক্ষেত্রে COVID-19-এর সম্মুখীন হওয়া থেকে কর্মীদের ঝুঁকি আপনি সম্পূর্ণরূপে অপসারণ করতে পারবেন না। তবে, এই ঝুঁকি হ্রাস করার জন্য আপনার যথাযথভাবে যথাসম্ভব চেষ্টা করতে হবে।

কর্মক্ষেত্রে ঝুঁকি কমাতে, আপনাকে অবশ্যই যেসব করতে হবে:

- ঝুঁকির মূল্যায়ন করা
- নিয়ন্ত্রণ ব্যবস্থা বিবেচনা করা এবং সেগুলো কীভাবে যে কোনও উপলভ্য ভ্যাকসিনসহ শারীরিক দূরত্ব, ভাল স্বাস্থ্যবিধি এবং নিয়মিত পরিষ্কারের ব্যাপারগুলোতে ঝুঁকিগুলি পরিচালনা করতে সহায়তা করবে - তার নিয়ন্ত্রণ ব্যবস্থা বিবেচনা করা
- কর্মী এবং স্বাস্থ্য ও সুরক্ষা প্রতিনিধিদের (HSRs) সাথে COVID-19 এবং এর ভ্যাকসিন সহ নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পর্কে পরামর্শ করা
- আপনার কর্মক্ষেত্রে কি কি পদক্ষেপগুলি যথাযথভাবে প্রয়োগ করা যায় তা নির্ধারণ করা

### আমার কর্মক্ষেত্রে স্বাস্থ্য এবং সুরক্ষা দায়িত্ব পালনের জন্য নিয়ন্ত্রণের ব্যবস্থা হিসাবে বাধ্যতামূলক ভ্যাকসিনেশন কি অন্তর্ভুক্ত করা দরকার?

কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও সুরক্ষা আইন অনুযায়ী ভ্যাকসিন দেয়া বাধ্যতামূলক করা যুক্তিসঙ্গতভাবে বাস্তবসম্মত যে হবেই তার সম্ভাবনা নেই।

আপনার কর্মীদের ভ্যাকসিন দেয়া উচিত কিনা তা আপনার ঝুঁকি মূল্যায়ন করার সময় পরিস্থিতির উপর নির্ভর করবে। আপনি যদি আপনার কর্মীদের ভ্যাকসিন দেওয়ার প্রয়োজন বিবেচনা করেন এবং কর্মক্ষেত্রের সম্পর্ক, বৈষম্য এবং গোপনীয়তা সম্পর্কিত সমস্যাগুলি নিয়ে ভাবেন তবে পরামর্শ নিন।

কিছু শিল্প বা কর্মীদের ভ্যাকসিন দেওয়ার ব্যাপারে [গণ স্বাস্থ্য আদেশ](#) থাকতে পারে। আপনার স্বাস্থ্য সংস্থার পরামর্শ নিয়ে আপ টু ডেট থাকুন।

### আমার গ্রাহকরা আমার কর্মস্থলে প্রবেশের আগে তাদের ভ্যাকসিন দেওয়া হয়েছে কিনা তা প্রমাণ নেয়ার প্রয়োজন কী আমার হতে পারে?

কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও সুরক্ষা আইন অনুযায়ী আপনার গ্রাহক এবং দর্শনার্থীদের আপনাকে ভ্যাকসিন দেওয়ার প্রমাণের জন্য জিজ্ঞাসা করতে হবে কিনা তার সম্ভাবনা কম। আপনি এই ধরনের বাধ্যবাধকতা আরোপের আগে পরামর্শ নিন কারণ গোপনীয়তা এবং বৈষম্য সম্পর্কিত সমস্যা থাকতে পারে।

### কোন কর্মী ভ্যাকসিন না দেওয়ার কারণে কি আমার কর্মীরা কাজ করতে অস্বীকার করতে পারে?

WHS আইন অনুসারে, কোনও কর্মী ঝুঁকির তাৎক্ষণিক বা আসন্ন এক্সপোজার থেকে স্বাস্থ্য বা সুরক্ষার ব্যাপারে গুরুতর ঝুঁকির যুক্তিসঙ্গত উদ্বেগ করে থাকলে তাঁরা তাঁদের কাজ বন্ধ বা প্রত্যাখ্যান করতে পারেন।

বেশিরভাগ পরিস্থিতিতে, কোন কর্মী অন্য কর্মীর ভ্যাকসিন না দেওয়ার কারণে কাজ বন্ধ করার জন্য কর্মক্ষেত্রে স্বাস্থ্য এবং সুরক্ষা আইনগুলিতে নির্ভর করতে পারবেন না।

আমি যদি আমার কর্মীদের ভ্যাকসিন না দিয়ে থাকি এবং তাঁদের মধ্যে কেউ COVID-19 দ্বারা আক্রান্ত হয়ে যান তবে কী আমি কর্মক্ষেত্রে স্বাস্থ্য এবং সুরক্ষা আইনের অধীনে দায়বদ্ধ হব?

আপনার কর্মীদের ভ্যাকসিন দেওয়া বাধ্যতামূলক না করার কারণে আপনি মডেল কর্মক্ষেত্রে স্বাস্থ্য এবং সুরক্ষা আইন লঙ্ঘন করেছেন এমন সম্ভাবনা নেই।

কর্মীদের ভ্যাকসিন দেওয়া হলেও শারীরিক দূরত্ব, ভাল স্বাস্থ্যবিধি এবং নিয়মিত পরিষ্কার ও রক্ষণাবেক্ষণের মতো বিষয়গুলো আপনার কর্মক্ষেত্রে যথাযথভাবে ব্যবহারযোগ্য নিয়ন্ত্রণের সমস্ত পদক্ষেপগুলি প্রয়োগ করতে হবে।

### আরো তথ্য

- [স্বাস্থ্য এবং ভ্যাকসিন সম্পর্কিত তথ্য – Department of Health](#)
- [কর্মক্ষেত্রে স্বাস্থ্য এবং সুরক্ষা - Safe Work Australia](#)
- [কর্মক্ষেত্রে অধিকার – Fair Work Ombudsman](#)